

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৪৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪৪. রুকু হতে মাথা উঠানোর সময় যা বলবে

باب مَا يَقُولُ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ

আরবী

حَدَّثَنَا مُؤَمَّلُ بْنُ الْفَضْلِ الْحَرَّانِيُّ، حَدَّثَنَا الْوَلِيدُ، ح وَحَدَّثَنَا مَحْمُودُ بْنُ خَالِد، حَدَّثَنَا أَبُو مُصْعَب، حَدَّثَنَا مُسْهِرٍ، ح وَحَدَّثَنَا ابْنُ السَّرْحِ، حَدَّثَنَا بِشْرُ بْنُ بَكْرٍ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُصِعْب، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ، كُلُّهُمْ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ، عَنْ عَطِيَّة بْنِ قَيْسٍ، عَنْ قَزَعَة بْنِ يَحْدَى، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم كَانَ يَقُولُ حِينَ يَقُولُ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ " اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاءِ ". قَالَ مُؤَمَّلٌ مِلْءَ السَّمَوات وَمِلْءَ الأَرْضِ وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ أَهْلَ الثَّنَاءِ وَالْمَجْدِ أَحَقُّ مَا قَالَ الْعَبْدُ وَكُلُّنَا لَكَ عَبْدٌ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ ". زَادَ مَحْمُودٌ " وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ ". ثُمَّ الْقَفُوا _ " وَلَا يَنْفَعُ ذَا الْجَدّ مِنْكَ الْجَدِّ ".

_ صحیح : م

قَالَ بِشْرٌ " رَبَّنَا لَكَ الْحَمْدُ " . لَمْ يَقُلْ مَحْمُودٌ " اللَّهُمَّ " . قَالَ " رَبَّنَا وَلَكَ الْحَمْدُ "

বাংলা

৮৪৭। আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'সামিআল্লাহু লিমান হামিদাহ্'' বলার পর বলতেন ''রব্বানা লাকাল হামদ মিলআস-সামায়ি''। (বর্ণনাকারী মুআম্মালের বর্ণনা মতে) ''মিলআস সামাওয়াতি ওয়া মিলআল আরদি ওয়া মিলআ মা শি'তা মিন শাইয়িন বা'দু, আহলুস সানায়ি ওয়াল মাজদি আহাক্কু মা কলাল 'আবদু, ওয়া কুল্লুনা লাকা 'আবদুন লা মা-নি'আ লিমা আ'ত্বাইতা''।



বর্ণনাকারী মাহমুদের বর্ণনায় এ বাক্যটিও রয়েছেঃ "ওয়ালা মু'ত্বিয়া লিমা মানা'তা"। অতঃপর সমস্ত বর্ণনাকারী এ বাক্যটি বলার বিষয়ে একমতঃ "ওয়ালা ইয়ানফা'উ যাল-জাদ্দি মিনকাল জাদ্দু।"[1]

সহীহ: মুসলিম।

বর্ণনাকারী বিশর বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কেবল ''রব্বানা লাকাল হামদ'' বলতেন। মাহমুদের বর্ণনায় ''আল্লাহুম্মা'' শব্দটি নেই। তিনি শুধু ''রব্বানা লাকাল হামদ'' এর কথা উল্লেখ করেছেন।

English

Abu sa'id al-Khuri said:

When the Messenger of Allah () said: "Allah listens to him who praises Him," he also said: O Allah, our Lord, to thee be the praise in all heavens. Mu'ammil said(in his version); "In all the heavens, and in all the earth, and in all that it pleases Thee to create afterwards. O thou Who art worthy of praise and glory, most worthy of what a servant says, and we are all thy servants, no one can withhold what thou givest or give what Thou withholdest. "The narrators then were agreed on the words: "And riches cannot avail a wealthy person with Thee."

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : সালাত, অনুঃ রুকু' থেকে মাথা উঠিয়ে কি বলবে), নাসায়ী (অধ্যায় : তাত্ববীক্ক, অনুঃ দাঁড়িয়ে কি বলবে, হাঃ ১০৬৭), দারিমী (অধ্যায় : সালাত, অনুঃ মাথা উঠানোর পর যা বলবে, হাঃ ১৩১৩), আহমাদ, ইবনু খুযাইমাহ (অনুঃ মুসল্লীর সামি'আল্লাহু লিমান হামিদাহ বলা, হাঃ ৬১৩) সকলে একাধিক সনদে সাঈদ ইবনু 'আবদুল 'আযীয় হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন